

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড

প্রধান কার্যালয়

টেলিযোগাযোগ ভবন, ৩৭/ ই ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।

নম্বর ১৪.৩৩.০০০০.০২৭.১১.০০১.২২.১০

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৯

১৪ ডিসেম্বর ২০২২

### নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) এর নিম্নবর্ণিত শূণ্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে অনলাইনে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

পদের নাম	বেতন	পদের সংখ্যা
সহকারী ম্যানেজার (অর্থ/হিসাব/অডিট/রেভিনিউ)	কোম্পানির বেতন কাঠামোর গ্রেড-৭ এবং অন্যান্য সুবিধাদি	২০ (বিশ)

### প্রয়োজনীয় শর্তাবলি:

- স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় থেকে এমকম/এমবিএ (একাউন্টিং/ফাইন্যান্স) বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে।
- যে সকল প্রার্থী গ্রেডিং সিস্টেমে পাশ করেছেন তাদের জিপিএ/সিজিপিএ ৫.০ (পাঁচ) স্কেলে ন্যূনতম ৩.৫ এবং ৪.০ (চার) স্কেলে ন্যূনতম ২.৫ থাকতে হবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণি/বিভাগ বা সমমান গ্রহণযোগ্য নয়।
- কোনো প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোনো ডিগ্রিকে সম্মানের বলে দাবি করলে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূল কপি মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডে অবশ্যই উপস্থাপন করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।
- আবেদনকারীর বয়স ২৫/০৩/২০২০ খ্রি. তারিখে সর্বোচ্চ ৩০(ত্রিশ) বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ২৫/০৩/২০২০ খ্রি. তারিখে ৩২ (বত্রিশ) বছর। তবে, বিটিসিএল এর কর্মে নিয়োজিত আছেন এমন যোগ্য কোন প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা আবেদন করার শেষ তারিখে সর্বোচ্চ ৫০বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এস.এস.সি./সমমান সনদপত্র ব্যতীত অন্য কোন প্রশংসাপত্র/অ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- আগ্রহী প্রার্থীদের অনলাইনে আবেদনপত্র দাখিল ও টেলিটক মোবাইলের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ অফেরতযোগ্য ১,০০০/= (এক হাজার) টাকা প্রদান করতে হবে। আবেদনপত্র দাখিল এবং পরীক্ষার ফি জমাদানের বিস্তারিত নিয়মাবলী বিটিসিএল এর পোর্টাল [www.btcl.gov.bd/career](http://www.btcl.gov.bd/career) এ পাওয়া যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। বিটিসিএল এর কোন দপ্তরে সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- আবেদনকারীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষার নম্বর ৮০ (আশি)। লিখিত পরীক্ষায় পাস নম্বর হবে ৪০(চল্লিশ)। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মধ্য থেকে মেধাক্রম অনুসারে ১:৩ অনুপাতে প্রার্থীকে মৌখিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে।
- মৌখিক পরীক্ষার নম্বর ২০ (বিশ)। মৌখিক পরীক্ষার পাস নম্বর ১০ (দশ)। কোন প্রার্থী মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ না হলে তিনি চূড়ান্তভাবে অকৃতকার্য হয়েছেন বলে বিবেচিত হবেন।

৯. লিখিত ও মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় যথাসময়ে বিটিসিএল এর ওয়েবসাইটে প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিতরা মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় মোবাইল ফোনে এস.এম.এস এর মাধ্যমে নোটিফিকেশন পাবেন।
১০. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে যারা সরকারি, আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থা বা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে কর্মরত, তাঁদের যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে অনাপত্তি/ছাড়পত্র মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। ছাড়পত্রের কপি জমা দিতে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
১১. মৌখিক পরীক্ষার সময় শিক্ষা বোর্ড এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সকল মূল অথবা সাময়িক সনদ অবশ্যই প্রদর্শন করতে হবে।
১২. লিখিত পরীক্ষার সকল উত্তরপত্র গোপনীয় হিসেবে গণ্য হবে এবং কোন অবস্থাতেই কোন প্রার্থী বা তার প্রতিনিধিকে সেগুলো প্রদর্শন বা প্রদান করা হবে না। লিখিত পরীক্ষার উত্তরপত্র পুনঃপরীক্ষণ বা পুনঃনিরীক্ষণের কোন সুযোগ নেই।
১৩. মৌখিক পরীক্ষার নম্বর গোপন থাকবে এবং উক্ত পরীক্ষার নম্বর বা এতৎসংশ্লিষ্ট তথ্য প্রার্থী বা তার প্রতিনিধিকে প্রদর্শন বা প্রদান করা হবে না।
১৪. লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৫. নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তিকে পরিচালনা পর্ষদ কর্তৃক এ উদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা পর্ষদ বা চিকিৎসা কর্মকর্তা কর্তৃক স্বাস্থ্যগতভাবে উপযুক্ত বলে প্রত্যয়িত হতে হবে।
১৬. নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তির পূর্ব কার্যকলাপ কোম্পানির চাকরিতে নিয়োগলাভের জন্য উপযুক্ত কিনা তা যথাযথ এজেন্সির মাধ্যমে প্রতিপাদন করা হবে।
১৭. নিয়োগলাভের পর যোগদানের তারিখ থেকে ২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশি হিসেবে থাকতে হবে।
১৮. বিটিসিএল কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।
১৯. নিয়োগের আবেদন গ্রহণ কার্যক্রম ১৫/১২/২০২২ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা হতে শুরু হয়ে ১৩/০১/২০২৩ খ্রি. বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত চলমান থাকবে।



১৪-১২-২০২২

মোহাম্মদ মাহমুদুল হক

জিএম (আর এন্ড টি)

ফোন: ০২৪১০৩০১০৬

ফ্যাক্স: ৫৫১৪১৬০২

ইমেইল: gm.rnt@btcl.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জিএম , পিআর এন্ড পি, বিটিসিএল (৪টি জাতীয় দৈনিক যার মধ্যে ৩ টি বাংলা দৈনিকে এবং ১টি ইংরেজি দৈনিকে, একটি অনলাইন জব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
- ২) জিএম, এমডি এর সচিবালয় ( বিটিসিএল ওয়েবসাইট, ফেসবুক পেজ এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)